

আল-কিয়ামাহ | Al-Qiyama | الْقِيَامَة

আয়াতঃ ৭৫ : ৪০

আরবি মূল আয়াত:

﴿٤٠﴾ إِلَيْسَ ذَلِكَ بِقُدْرٍ عَلَىٰ أَنْ يُحْيِيَ الْمَوْتَىٰ

Aর্থ অনুবাদসমূহ:

তিনি কি মৃতদের জীবিত করতে সক্ষম নন? — আল-বায়ান

এহেন স্বষ্টি কি মৃতকে আবার জীবিত করতে সক্ষম নন? — তাইসিরুল

তরুও কি সেই স্বষ্টি মৃতকে পুনর্জীবিত করতে সক্ষম নন? — মুজিবুর রহমান

Is not that [Creator] Able to give life to the dead? — Sahih International

৪০. তরুও কি সে স্বষ্টি মৃতকে পুনর্জীবিত করতে সক্ষম নন?(১)

(১) এক বর্ণনায় এসেছে, সাহাবীগণের একজন তার ঘরের ছাদে সালাত আদায় করত; যখনই সূরা আল-কিয়ামাহ এর এ আয়াতে পৌছত তখনই সে বলত: পবিত্র ও মহান তুমি, অবশ্যই হ্যাঁ, লোকেরা তাকে জিজেস করলে তিনি বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে তা শুনেছি।” [আবু দাউদ: ৮৮৪]

তাফসীরে জাকারিয়া

(৪০) সেই স্বষ্টি কি মৃতকে পুনর্জীবিত করতে সক্ষম নন? [১]

[১] অর্থাৎ, যে আল্লাহ মানুষকে পর্যায়ক্রমে বিভিন্ন অবস্থার উপর অতিক্রম করিয়ে সৃষ্টি করেছেন তিনি কি মৃত্যুর পর পুনরায় তাকে জীবিত করতে সক্ষম নন? উক্ত আয়াত পাঠ করে বলতে হয় سُبْحَانَكَ فَبِلِّي (সুবহা-নাকা ফাবালা), অর্থাৎ তুমি পবিত্র, অবশ্যই (তুমি সক্ষম)। (আবু দাউদ ৮৮৩, ৮৮৪নং, বাইহাকী)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5591>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন